# পঞ্চম উপজেলা পরিষদের ৫১ তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আব্দুল মোমিন চৌধুরী,চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ,কানাইঘাট

তারিখ : ১০ আগস্ট ২০২৩

সময় : সকাল ১০.০০ ঘটিকা

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা ; পরিশিষ্ট "ক এবং খ"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অত:পর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ডেঙ্গু এর প্রার্দুরভাব বেড়ে যাওয়ায় এ পর্যন্ত অত্র উপজেলায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত রোগী ১২ জন পাওয়া গিয়াছে। এদের মধ্যে ০৩ জন রোগী এম.এ.জি.ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল সিলেট রের্ফাড করা হয়েছে এবং ০৮ জন রোগী কানাইঘাট উপজেলা হাসপাতালে ভর্তি রয়েছে ও ০১ জন তার নিজ বাড়ীতে চিকিৎসাধীন অবস্থায় রয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০২ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা সভায় জানান যে, গত কিছুদিন পূর্বে চোরাচালান মালামাল ভারতীয় শাড়ী ডিআই ট্রাক দিয়ে যাওয়ার পথে গাছবাড়ী এলাকা থেকে আটক করা হয়েছে। অভিযুক্ত চোরাকারবারীকে গ্রেপ্তার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা কানাইঘাট, সিলেট |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, বঙ্গবন্ধু প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল ও বঙ্গমাতা শেখ ফজিলাতুননেছা মুজিব প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট উপজেলা পর্যায়ে সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করা হয়েছে এবং বিজয়ী দলগুলো জেলা পর্যায়ে খেলায় অংশগ্রহণ করবে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ডিগ্রী ও ফাজিল পরীক্ষা চলমান রয়েছে এবং আগামী ১৭.০৮.২০২৩ ইং তারিখ থেকে এইচ.এস.সি ও আলীম পরীক্ষা শুরু হবে এবং নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশল | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বাংলাদেশ সরকার অর্থায়নে স্থানীয় সরকার বিভাগের অধীনে উপজেলাা পরিচালন ও উন্নয়ন | ক) উপস্থাপিত ০৩(তিন)টি অবকাঠামো মূলক উন্নয়ন উপ - প্রকল্প অনুমোদন করা হলো এবং | উপজেলা পরিষদ/উপজেলা প্রকৌশলী; প্রকল্প |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিভাগ | প্রকল্পের আওতায় ৬ষ্ঠ পর্যায় কানাইঘাট উপজেলায় ভ্যাট-ট্যাক্স ব্যতীত ৪০,০০,০০০/-টাকার বিভিন্ন অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তবনা চাওয়া হয়। পরবর্তীতে উপজেলার বিভিন্ন স্থায়ী কমিটি, ইউডিসিসি ইত্যাদি হতে ৫(পাঁচ)টি অবকাঠামো উন্নয়ন উপ -প্রকল্প উপজেলা প্রকল্প নির্বাচন কমিটিতে(পিএসসি) প্রেরণ করেন। পিএসসি কর্তৃক প্রকল্পগুলো যাচাই-বাছাই করে ০৩(তিন)টি অবকাঠামো উপ-প্রকল্পগুলো উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদন করা প্রয়োজন। অবকাঠামো উপ-প্রকল্প গুলোর মধ্যে কানাইঘাট উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচু-নিচু ফাইবার বেঞ্চ সরবরাহ বাবদ (আয়কর ও ভ্যাট সহ) ২৩,৬১,৫১০.০০ (তেইশ লক্ষ একষট্টি হাজার পাঁচশত দশ) টাকা, কানাইঘাট উপজেলাধীন রামিজা পয়েন্টে জনসাধারণের ব্যবহারের জন্য সুরমা নদীতে ঘাট নির্মাণ বাবদ (আয়কর ও ভ্যাট সহ) ১১,৭৩,৫৭২ (এগার লক্ষ তিয়াত্তর হাজার পাঁচশত বাহাত্তর) টাকা এবং কানাইঘাট হাসপাতালে সার্জিকেল যন্ত্রপাতি বায়োকেমিক্যাল, এ্যানালাইজার ও অটি টেবিল সরবরাহ বাবদ (আয়কর ও ভ্যাট সহ) ১১,২৬,৮৮১.০০(এগার লক্ষ ছাব্বিশ হাজার আটশত একাশি) টাকার প্রকল্প অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা উপজেলা পরিষদের আসবাবপত্র খাতে বছরে ৩,০০,০০০/- টাকা ব্যয়ের নির্দেশনা রয়েছে। কিন্তু উপজেলা পরিষদ কার্যালয়ে আসবাবপত্র ক্রয়ের জন্য অতিরিক্ত ৩,৫০,০০০/-টাকা বরাদ্দের প্রয়োজন। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নীতিমালা অনুযায়ী বর্ণিত খাতে অতিরিক্ত অর্থ ব্যয় করতে হলে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন গ্রহণের নির্দেশনা রয়েছে। তাছাড়া উপজেলা পরিষদের কোয়াটারের ভিতরের রাস্তাটি আর.সি.সি দ্বারা নির্মাণ প্রকল্প ও উপজেলা পরিষদ কার্যালয়ে আসবাবপত্র সরবরাহ প্রকল্প উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের নিমিত্ত প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণের প্রস্তাব করেন। সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রস্তাবটি গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও প্রকল্প কর্মকর্তা (ইউডিএফ) এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিষদের কোয়াটারের ভিতরের রাস্তাটি আর.সি.সি দ্বারা নির্মাণ প্রকল্প ও উপজেলা পরিষদ কার্যালয়ে আসবাবপত্র সরবরাহ প্রকল্প উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের নিমিত্ত প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | কর্মকর্তা (ইউডিএফ) কানাইঘাট, সিলেট |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, বর্তমানে আমন মৌসুমে উপজেলার লক্ষ্যমাত্রা ১৫৬২০ হেক্টর, তার মধ্যে এ পর্যন্ত প্রায় ৮০% ধান রোপন সম্পন্ন হয়েছে। এ বছর লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাওয়ার আশা করা যাচ্ছে। চাহিদা অনুযায়ী সারের মজুদও পর্যাপ্ত পরিমাণে রয়েছে বলে সভাকে | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অবহিত করেন। | | |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় অত্র উপজেলার আন্দু বরাক জলমহালে সর্বমোট ৪০০.০০ কেজি পোনা মাছ বিগত ০৯ আগস্ট ২০২৩ ইং তারিখে অবমুক্ত করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৮ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর কর্তৃক নিয়মিত টিকা দান, খামারীদেরকে নিয়ে উঠান বৈঠক,খামার পরিদর্শন, ঘাসের কাটিং বিতরণ কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সামাজিক নিরাপত্তা কর্মসূচি বয়স্ক ভাতা, বিধাবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধীভাতা সহ অন্যান্য ভাতার উপকারভোগীর লাইফ ভেরিফিকেশন করার নির্দেশনা রয়েছে। উক্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভাকে অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরে জি.আর নগদ অর্থ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ও ত্রাণ কার্য (চাল) ৪৫.০০০ মেট্রিক টন বরাদ্দ পাওয়া গিয়াছে । উল্লেখিত বরাদ্দকৃত নগদ অর্থ এবং চাল বন্যা, নদীভাঙ্গন, ঘূর্ণিঝড়সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মানবিক সহায়তা হিসেবে বিতরণ করা হবে। প্রাকৃতিক দুর্যোগ ব্যতিত অন্য কোনো কাজে উক্ত বরাদ্দ বিতরণ করা যাবে না বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১১ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরে মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় অত্র উপজেলা ০৯(নয়)টি ইউনিয়নে প্রতি মাসে ২০(বিশ) জন করে উপকারভোগীর বরাদ্দ পাওয়া গিয়াছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান, আলোচ্যমাসে অত্র উপজেলা হতে ১২ (বার) জন সদস্য অগ্রসহ মৌলিক প্রশিক্ষণে রয়েছে। প্রান্তিক পর্যায়ে উন্নয়নের লক্ষ্যে নারীদের | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | জীবনমান উন্নয়নের জন্য ০১(এক) জন মহিলাকে সেলাই প্রশিক্ষণে পাঠানো হয়েছে বলে সভাকে অবহিত করেন।<br>তিনি আরোও জানান যে, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল সিলেট থেকে আগত ০২(দুই) টি মামলার তদন্ত প্রতিবেদন বিজ্ঞ সিনিয়র জেলা জজ বরাবর পাঠানো হয়েছে বলে সভাকে অবহিত করেন। | | |
| ১৫ | পল্লীবিদ্যুৎ সমিতি -২ | উপজেলা ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি - ২ সভায় জানান, তাঁর বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২ কানাইঘাট, সিলেট |
| ১৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | তথ্য আপা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে উপজেলার বিভিন্ন সমবায় সমিতির নিকট হইতে ২৫,১০,০৫৭/-(পঁচিশ লক্ষ দশ হাজার সাতান্ন) টাকা রাজস্ব আদায় করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৮ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৯ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২০ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, সমগ্রদেশে পানি সরবরাহ ও "হাওড় অঞ্চলে টেকসই পানি সরবরাহ ও স্যানিটেশন" প্রকল্পের আওতায় প্রাপ্ত বরাদ্দ উপজেলা ওয়াটসন কমিটির মাধ্যমে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদেরকে অবহিত করা হয়েছে। সে লক্ষ্যে ইউনিয়ন পরিষদ ওয়াটসন কমিটির রেজুলেশনসহ সাইট প্রেরণের জন্য অনুরোধ জানান এবং অন্যান্য প্রকল্পের কাজ চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |
| ২১ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, খাদ্য অধিদপ্তরের সরবরাহ বিভাগের নির্দেশনায় বোরো ধান সংগ্রহ কার্যক্রম বন্ধ রয়েছে এবং চাল সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। খাদ্য বান্ধব কর্মসূচীর সেপ্টেম্বর ও অক্টোবর মাসের চাল চলতি মাসে উত্তোলন হবে এবং বিতরণ হবে বলে সভাকে অবহিত করেন। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |
| ২২ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান, তাঁর বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৩ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে।<br>সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সভায় জানান যে, বর্তমানে সার্ভারের সমস্যা থাকার কারণে জন্মনিবন্ধন সনদ ও জন্মনিবন্ধন সংশোধন করা সম্ভব হচ্ছে না। বিধায় জরুরী ভিত্তিতে সার্ভারের ত্রুটির সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | |
| ২৪ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ১৪ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ৭১ টি এবং ৯৫ টি মামলা অনিষ্পত্তি অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন।<br>সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সভায় জানান, গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | (ক) সকল অনিষ্পন্ন মামলা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | চেয়ারম্যান<br>ইউনিয়ন পরিষদ (সকল)<br>কানাইঘাট, সিলেট |
| ২৫ | তথ্য অধিকার আইন,২০০৯ বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক আনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br>এমপিভুক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান<br>কানাইঘাট, সিলেট |
| ২৬ | বিবিধ | ১. সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক) উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত ও জ্বালানী ব্যয়; (খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান /ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা ও ভ্রমণ ভাতা ;(গ) মালি,পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী ও পাম্প চালকের বেতন ভাতা বাবদ; | উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ও<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ঘ)উপজেলার পরিষদের আপ্যায়ন ও আনুষাংগিক বাবদ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | | |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আব্দুল মোমিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কানাইঘাট, সিলেট

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২.২৬১(৩৬)

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩০
১০ আগস্ট ২০২৩

১। মাননীয় সংসদ সদস্য, ২৩৩, সিলেট-৫ নির্বাচনী এলাকা
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৪। জেলা প্রশাসক, সিলেট
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৭। মেয়র, কানাইঘাট পৌরসভা, কানাইঘাট, সিলেট
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৯। উপজেলা ---------------------------------- কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
১০। চেয়ারম্যান ---------------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
১১। জনাব -------------------------------------- কানাইঘাট, সিলেট
১২। অফিস কপি

ফয়সাল আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার (অতিরিক্ত দায়িত্ব)
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট।

CamScanner

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব ফয়সাল আহমেদ | উপজেলা নির্বাহী অফিসার(অতিরিক্ত দায়িত্ব) ,কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব মোছাঃ খাদিজা বেগম | ভাইস চেয়ারম্যান (মহিলা) ,উপজেলা পরিষদ ,কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মোঃ তমিজ উদ্দিন | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি ,কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব আব্দুর মুমিন চৌধুরী | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি ,কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মো ঃ আবু তাইয়ীব | চেয়ারম্যান,০৪ নং সাঁতবাক ইউ/পি ,কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মো: আব্দুল মালিক চৌধুরী | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি ,কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মো: আফসার উদ্দিন | চেয়ারম্যান,০৬ নং কানাইঘাট সদর ইউ/পি ,কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মোঃ লোকমান উদ্দিন | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউ/পি ,কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব আবু বকর | চেয়ারম্যান,০৮ নংঝিংঙ্গাবাড়ী ইউ/পি , কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব শামছুল ইসলাম | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি , কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব ডাঃ সুবল চন্দ্র বর্মন | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা ,কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মোঃ এমদাদুল হক | উপজেলা কৃষি কর্মকর্তা , কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মো: সফিকুল হক ভুইয়া | উপজেলা মৎস্য কর্মকর্তা ,কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মো: সুফিকুল ইসলাম ভুইয়া | প্রতিনিধি , উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ,কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব গোলাম দস্তগীর | অফিসার ইনচার্জ, কানাইঘাট থানা, কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব মো: আবু হানিফা | উপজেলা প্রকৌশলী ,কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব মো: মাহমুদুল হাসান | প্রতিনিধি উপজেলা শিক্ষা কর্মকর্তা(ভারপ্রাপ্ত) ,কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব নূর মোহাম্মদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ,কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ,কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব মো : জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ,কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব মো: কবির হোসেন | প্রতিনিধি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার ,কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মোস্তাফিদুল হক | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার ,কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব উজ্জ্বল ভট্রাচার্য্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ,কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব পনিরুজ্জামান | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ,কানাইঘাট , সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মো: জামাল উদ্দিন | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব মো: এনামুল হক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা ,কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব মোহাম্মদ ফারুক আহমদ | ইউডিএফ উপজেলা পরিচালন উন্নয়ন প্রকল্প ,কানাইঘাট ,সিলেট | স্বাক্ষরিত |

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট - খ

| ক্রমিক | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | মেয়র ,কানাইঘাট পৌরসভা ,কানাইঘাট ,সিলেট |
| ০২ | ভাইস চেয়ারম্যান ,উপজেলা পরিষদ ,কানাইঘাট ,সিলেট |
| ০৩ | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি ,কানাইঘাট ,সিলেট |
| ০৪ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ,কানাইঘাট ,সিলেট |
| ০৫ | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা ,কানাইঘাট ,সিলেট |
| ০৬ | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট ,সিলেট |
| ০৭ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ,কানাইঘাট ,সিলেট |
| ০৮ | উপজেলা তথ্য আপা কর্মকর্তা ,কানাইঘাট ,সিলেট |

CS CamScanner